

ঢাকা, বৃহস্পতিবার ০৫ অক্টোবর ২০২৩
২০ আশ্বিন ১৪৩০, ১৯ রবিউল আউয়াল ১৪৪৫

কালের বর্ধ

জনসেবার জন্য চিকিৎসা ক্যাডার অতুলনীয় : মুনির চৌধুরী



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী (ফাইল ছবি)

দায়িত্ব পালনে সৎ ও নিষ্ঠাবান হওয়ার জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী। গতকাল মঙ্গলবার রাজধানীর শিশু ও মাতৃস্বাস্থ্য ইনস্টিটিউটে ৩৯তম বিসিএস-এর চিকিৎসকদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ৩ ঘণ্টার এক অধিবেশনে তিনি এ আহ্বান জানান।

মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, ‘শুধু সৎ থাকা একমাত্র গুণাবলী নয়, এর সাথে প্রয়োজন পেশাগত দক্ষতা ও নৈতিকতা। প্রতিদিন কত রোগীকে হাসপাতালে সেবা দিলাম, সেবা গ্রহীতারা সন্তুষ্ট কিনা, তাদের সঙ্গে আচরণ মানবিক কিনা, তার মূল্যায়ন করতে হবে।

সরকারি দায়িত্ব পালনে দুর্নীতির প্রচুর সুযোগ আসবে, কিন্তু কোনোভাবেই প্রলোভনের ফাঁদে পা দেওয়া যাবে না, এতে ধ্বংস অনিবার্য।’

তিনি আরো বলেন, ‘অসৎ উপার্জনকারীদের মানসিক শান্তি নেই, দুর্নীতির অর্থ কোথায় লুকিয়ে রাখবে, সেই অস্থিরতায় তাদের জীবন অশান্তিময় হয়ে ওঠে। সরকারি দপ্তরে কেনাকাটায় ভুয়া ভাউচার করে অনেকে অবৈধ অর্থ উপার্জন করছে। কিন্তু অসৎ উপার্জনের অর্থের হিসেব পরকালে অবশ্যই দিতে হবে এবং প্রত্যেক মানুষকেই তার কৃতকর্মের জন্য মহান আল্লাহর কাছে জবাব দিতে হবে।

তাই চিকিৎসকদের অর্থলোভের উর্ধ্বে থাকতে হবে।’

ওষুধ কম্পানি থেকে কোনো অর্থ বা উপটৌকন নেওয়া অত্যন্ত গর্হিত উল্লেখ করে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক বলেন, ‘এতে চিকিৎসকদের নৈতিক মনোবল দুর্বল হয়ে যায়। চিকিৎসা সেবার মাধ্যমে অসহায় ও দরিদ্র মানুষের যে দোয়া ও ভালোবাসা পাওয়া যায়, তা কোটি কোটি টাকার চেয়ে অনেক মূল্যবান সম্পদ। জনসেবার সুযোগ বিবেচনায় সব ক্যাডারের মধ্যে চিকিৎসা ক্যাডার অতুলনীয়।

মানুষের ভালোবাসা অর্জনের শ্রেষ্ঠ স্থান। শুধু ডাক্তারি পেশা নয়, মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশ দূষণ সম্পর্কেও চিকিৎসকদের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। বর্জ্যের দূষণ ও দূষিত খাবার সম্পর্কে মানুষকে সচেতন করতে হবে। ওষুধ নির্ভরতা কমিয়ে প্রাকৃতিক ও ভেষজ খাবারের প্রতি মানুষকে উৎসাহিত করতে হবে।’

NEWAGE

The outspoken daily

www.newagebd.net

Dhaka, Thursday, October 5, 2023, Ashwin 20, 1430 BS

NMST DG calls on doctors to be honest, devoted

Staff Correspondent

NATIONAL Museum of Science and Technology Director General Mohammad Munir Chowdhury called upon the doctors to be honest and devoted in their duties.

He was speaking in a 3-hour session at the 39th BCS basic training course for doctors, at the Institute of Child and Maternal Health in the capital on Tuesday.

Munir Chowdhury said, 'Being only honest is not the virtue, it also requires professional skills and ethics. There are plenty of opportunities for corruption in discharging government duties, but in no case, one should step into the trap of temptation, in which destruction is inevitable.